

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৭ এপ্রিল ২০২৩খ্রি.

ইভিএম নিয়ে ষড়যন্ত্র হচ্ছে: চসিক মেয়র

ইলেকট্রনিক ভোটিং মেশিনের (ইভিএম) বিরুদ্ধে মিথ্যা প্রচারণা চালানো হচ্ছে অভিযোগ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার নগরের বহুদারহাট মোড়ের এখলাছুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে চট্টগ্রাম-৮ সংসদীয় আসনের নির্বাচনে ভোট দিয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মেয়র বলেন, ইভিএমের বিরুদ্ধে মিথ্যা প্রচারণা চালানো হচ্ছে। ইভিএমে ভোট দিতে কোনো ঝামেলা নেই, ধাক্কাধাক্কি নেই। ফিঙ্গারপ্রিন্ট দিয়ে আপনি সত্যিকারের ভোটার কিনা তা যাচাই করা হচ্ছে। এরপর ভোটার পছন্দের মার্কায় সুন্দরভাবে ভোট দিতে পারছেন।

'এর থেকে সহজ সিস্টেম আর কি হতে পারে। পৃথিবী এগিয়ে যাচ্ছে, প্রযুক্তি এগিয়ে যাচ্ছে। আমরা সবসময় পেছনের কথা চিন্তা করি। এখানে ব্যালটের মতো কোন সিল লাগে না, কিছু লাগে না। শুধু ফিঙ্গারপ্রিন্ট দিয়ে ভোট দিলাম। মাত্র ৩০ সেকেন্ড সময় লাগলো।'

ভোটার শান্তিপূর্ণ পরিবেশে সম্ভ্রষ্ট মেয়র বলেন, ভোটারের পরিস্থিতি খুব সুন্দর মনে হচ্ছে আমার। এলাকার লোকজন খুব সুশৃঙ্খলভাবে নির্বিঘ্নে ভোট প্রয়োগ করছেন। তবে একশ্রেণীর লোক আছে যারা জালভোটারের মাধ্যমে ক্ষমতায় আসতে চায়। তারা ইভিএমে ভোটগ্রহণকে বিতর্কিত করতে নানা ষড়যন্ত্র করছে।

কর্ণফুলী নদীর উত্তরে শহর এবং দক্ষিণে বোয়ালখালী উপজেলার গ্রামাঞ্চল নিয়ে চট্টগ্রাম-৮ সংসদীয় আসন। ৬ ফেব্রুয়ারি চট্টগ্রাম-৮ (চান্দগাঁও-বোয়ালখালী) আসনের সংসদ সদস্য এবং চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সভাপতি মোছলেম উদ্দিন আহমদের মৃত্যুজনিত কারণে আসনটি শূন্য হয়। বৃহস্পতিবার (২৭ এপ্রিল) সকাল ৮টায় ১৯০টি ভোটকেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোটগ্রহণ শুরু হয়, চলবে বিকেল ৪টা পর্যন্ত।

ক্ষমতাসীন আওয়ামী লীগ ও ছোট কয়েকটি রাজনৈতিক দল মিলিয়ে মোট পাঁচজন প্রার্থী নির্বাচনে অংশ নিচ্ছেন। প্রার্থীরা হলেন- নৌকা প্রতীকের নোমান আল মাহমুদ, চেয়ার প্রতীকে ইসলামিক ফ্রন্ট বাংলাদেশের সৈয়দ মুহাম্মদ ফরিদ উদ্দিন, মোমবাতি প্রতীকে বাংলাদেশ ইসলামী ফ্রন্টের সেহাব উদ্দিন মুহাম্মদ আব্দুস সামাদ, আম প্রতীকে ন্যাশনাল পিপলস পার্টি- এনপিপি'র কামাল পাশা এবং একতারা প্রতীকে স্বতন্ত্র প্রার্থী রমজান আলী।

নির্বাচনে ২২ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালন করছেন। এছাড়া দুজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটও দায়িত্ব পালন করছেন। মোট ১৯০টি কেন্দ্রের মধ্যে ৭৬টি গুরুত্বপূর্ণ কেন্দ্রে ১৭ জন করে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন আছে। বাকি সাধারণ কেন্দ্রের প্রতিটিতে ১৬ জন সদস্য মোতায়েন আছে। পুলিশের পাশাপাশি র্যাবের ছয়টি ও পাঁচ প-টুন বিজিবি মোতায়েন রয়েছে।

২০০৮ সাল থেকে পরপর তিন দফায় সংসদ নির্বাচনে এ আসন থেকে নির্বাচিত হয়েছিলেন আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলের শরীক দল জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) নেতা মর্দীনউদ্দিন খান বাদল। ২০১৯ সালের ৭ নভেম্বর তিনি মারা গেলে চলতি মেয়াদের প্রথম দফায় আসনটি শূন্য হয়েছিল।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮